

জাতীয় তথ্য যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো উন্নয়ন প্রকল্প
(ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্প)

প্রকল্প পরিচিতি:

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের ব্যবস্থাপনায় জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো উন্নয়ন (ইনফো-সরকার ৩য় পর্যায়) প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পের আওতায় দেশের উপজেলা হতে ইউনিয়ন পর্যন্ত অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপনের মাধ্যমে ব্রডব্যান্ড ইন্টারনেট নেটওয়ার্কিং এবং ক্যানেক্টিভিটি প্রদান করা হবে। ফলে তথ্য প্রযুক্তির মাধ্যমে তৃণমূল পর্যায়ে জনগণের দোরগোড়ায় সরকারি সেবা প্রদানে আরও এক ধাপ অগ্রগতি সাধিত হবে। ভিশন ২০২০: ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে প্রকল্পটি অগ্রণী ভূমিকা পালন করবে। জানুয়ারী ২০১৭ হতে জুন ২০১৮ সময়কালে প্রকল্পটি বাস্তবায়িত হবে।